



Afterschool Lottery Newsletter

কীভাবে DHSP Afterschool Programs Lottery-তে আবেদন করতে হবে এবং প্রয়োজন হলে কীভাবে সহায়তা পাবেন তা এই নিউজলেটারটি ব্যাখ্যা করে। আরো তথ্যের জন্য:

www.cambridgema.gov/AfterschoolLottery

Afterschool Lottery নিবন্ধন – গুরুত্বপূর্ণ তারিখ

○ সোমবার, ১ মে, 2023

2023-2024 DHSP
Afterschool Programs
Lottery আবেদন শুরু

পরিবারগুলো সিটির Viewpoint ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করে। আবেদন করার সময় যেসব পরিবার সাহায্যের প্রয়োজন বোধ করবেন তারা askdhsp@cambridgema.gov ঠিকানায় ইমেইল করতে পারবেন বা 617-349-6200 নম্বরে কল করতে পারবেন

□ বৃহস্পতিবার, ৪ মে, ৬ – ৭ p.m.

ভার্চুয়াল মিটিং: “কীভাবে DHSP
Afterschool Programs
Lottery-তে আবেদন করবেন”

আবেদন প্রক্রিয়া সম্পর্কে জানতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে জয়েন করুন। Zoom-এর মাধ্যমে মিটিংয়ে যোগদান করুন:

<https://us02web.zoom.us/j/5874243463>

■ Lottery-তে আবেদনের ব্যাপারে সরাসরি সাহায্য

Afterschool Programs Lottery-তে আবেদন সম্পূর্ণ করতে সরাসরি সাহায্য পেতে এবং প্রশ্ন জিজ্ঞেস করতে এই স্থানগুলোতে যান।

সোমবার, মে ১, ৮, ১৫, ২২, ৫ – 7:30 p.m. • DHSP, 51 Inman St., 3rd Floor

বৃহস্পতিবার, মে ১১, ৬ – 7:30 p.m. • Frisoli Youth Center, 61 Willow St.

বৃহস্পতিবার, মে ১৮, ৬ – 7:30 p.m. • Gately Youth Center, 70 Rindge Ave.

● শুক্রবার, মে 26

2023-2024 DHSP
Afterschool Programs
Lottery-তে আবেদন শেষ

Lottery-তে অংশগ্রহণের জন্য পরিবারগুলোকে অবশ্যই মে 26 11:59 p.m.-এর মধ্যে তাদের সন্তানদের জন্য আবেদন জমা দিতে হবে।

✉ সোমবার, জুন ১৯

এই সপ্তাহের শুরুতে পরিবারগুলো জানতে পারবেন তাদের সন্তান DHSP afterschool program-এ অংশগ্রহণ করতে পারবে কিনা। যদি আপনার সন্তান কোনো প্রোগ্রামে সুযোগ না পায়, তাহলে তাকে “waiting pool”-এ রাখা হবে। Viewpoint-এর মাধ্যমে ইমেইলে নোটিফিকেশন পাঠানো হবে। পরিবারগুলো তাদের সন্তানের আবেদনের স্ট্যাটাস দেখার জন্য যেকোনো সময় তাদের Viewpoint অ্যাকাউন্টে লগ ইন করতে পারবেন।

কোনো প্রশ্ন আছে? আবেদন করার জন্য সাহায্য প্রয়োজন?

DHSP-এর সাথে যোগাযোগ করুন।

বহুভাষায় সাহায্য উপলব্ধ রয়েছে! আমাদেরকে askdhsp@cambridgema.gov-এ ইমেইল করুন অথবা
617-349-6200 নম্বরে কল করুন।

আমি কীভাবে DHSP Afterschool Programs Lottery-এর জন্য আবেদন করব?

1. সিটির অনলাইন Viewpoint Cloud প্ল্যাটফর্মে যান

(এই লিংকটি মে 1, 2023 তারিখের আগে সক্রিয় করা হবে না)

<https://cambridgema.viewpointcloud.com/categories/1131/record-types/6853>

2. DHSP Afterschool Programs Lottery নির্বাচন করুন এবং তারপর "Apply online"-এ ক্লিক করুন

আপনার বিদ্যমান Viewpoint অ্যাকাউন্টে লগ ইন করুন বা একটি নতুন অ্যাকাউন্টের জন্য সাইন আপ করুন। আপনার household-এর জন্য 1টি অ্যাকাউন্টই যথেষ্ট—এমনকি আপনি যদি 1-এর অধিক সন্তানের জন্য লটারিতে আবেদন করতে চান।

3. আপনার household-এর তথ্য লিখুন বা নিশ্চিত করুন, তারপর আবেদনটি পূরণ করুন।

আপনার সন্তানের তথ্য লেখার সময় আবেদনের নির্দেশাবলী অনুসরণ করুন। আবেদনটি সম্পূর্ণ করার পর তা জমা দেওয়ার আগে আপনাকে তথ্য নিশ্চিত করতে বলা হবে। একবার আপনার আবেদন জমা হয়ে গেলে DHSP স্টাফগণ তা পরিবর্তন করতে পারবেন না।

4. একবার সম্পূর্ণ করে জমা দেওয়ার পর, সাইটটি একটি বার্তা প্রদান করে আপনার জমা দেওয়ার বিষয়টি নিশ্চিত করবে।

এছাড়াও আপনি "City of Cambridge, MA" থেকে একটি ইমেইল পাবেন যার সাবজেক্ট লাইনে "Application Submitted" লেখা থাকবে। আপনার সন্তানকে কোনো সীট দেওয়া হয়েছে বা waiting pool-এ রাখা করা হয়েছে কিনা সেই তথ্য থাকা ডকুমেন্টগুলো **জুন 19, 2023** সপ্তাহে আপনার Viewpoint অ্যাকাউন্টে ইস্যু করা হবে।

কীভাবে DHSP Afterschool Programs Lottery কাজ করে?

যে সকল সন্তানরা বর্তমানে কোনো DHSP afterschool program-এ রয়েছে, তারা আবেদনটি সম্পূর্ণ করে একই সাইটে পুনরায় তালিকাভুক্ত হতে পারবে। পুনরায় তালিকাভুক্ত হওয়া সন্তানদেরকে একই সাইটে একটি সীটের নিশ্চয়তা দেওয়া হবে যদি তাদের কোনো টাকা বাকি না থাকে। সন্তানরা বর্তমানে যদি কোনো DHSP afterschool program-এ তালিকাভুক্ত থাকে এবং ডিন কোনো সাইটে নাম তালিকাভুক্ত হতে চায়, তাহলে তারা সীট সুবিধা পাবে না এবং তাদেরকে পুনরায় লটারিতে প্রবেশ করানো হবে।

যথাসময়ে প্রাপ্ত সকল আবেদনের জন্য এলোমেলোভাবে একটি লটারি নম্বর বরাদ্দ করা হবে। ভাইবোনদেরকে একসাথে গ্রুপ করা হবে এবং তাদের লটারি নম্বর একই থাকবে। তারপর আবেদনগুলোকে 2টি গ্রুপে ভাগ করা হবে, "অগ্রাধিকারপ্রাপ্ত আবেদনকারী" (HUD AMI-এর 65% বা তার কম আয় করে এমন household থেকে) এবং সাধারণ আবেদনকারী। প্রতিটি afterschool program-এ 30% সীট অগ্রাধিকারপ্রাপ্ত আবেদনকারীদের জন্য সংরক্ষিত থাকবে।

DHSP-কে আপনার প্রতিক্রিয়া জানান!

এই নিউজলেটার বা অন্যান্য DHSP প্রোগ্রাম ও সেবাগুলোর ব্যাপারে প্রতিক্রিয়া
শেয়ার করতে আগ্রহী?

সমীক্ষায় অংশ নিন: bit.ly/DHSPfeedback

কেয়ারগিভার পার্টনারশিপ তৈরি

Cambridge-এর পরিবারগুলোর মতামতের প্রতিক্রিয়ায়, DHSP একটি নতুন কমিউনিটি পার্টনারশিপ গঠনের উদ্দেশ্যে কেয়ারগিভারদের সাথে কাজ করছে যা পরিবারগুলোকে এমন সিদ্ধান্ত গ্রহণে স্বাগত জানাবে যেগুলো তাদেরকে প্রভাবিত করে। DHSP গভীরভাবে উপলব্ধি করে যে, এই পার্টনারশিপ এবং DHSP-এর কাজে জাতিগত সমতা ও অর্থনৈতিক ন্যায়বিচারকে স্পষ্ট করার উদ্দেশ্যে এর ভূমিকাকে ডিজাইন করার জন্য একটি কেয়ারগিভার-কেন্দ্রিক, স্বচ্ছ ও সহযোগিতামূলক প্রক্রিয়ার স্পষ্ট প্রয়োজন রয়েছে।

সম্পূর্ণ বিবৃতিটি পড়ুন এবং www.cambridgema.gov/CaregiverPartnership থেকে আপডেটগুলো জানুন।